আজকের কাগজ

তারিখ 19 SEP 1991
পৃষ্ঠা ... ১ ... কলাম ৪ ...

19 SEP 1991

19 SEP 1991

বিএ ২৯.১৯% বিএসসি ৪০.৮৭% বিকম ৪০.৪৫%

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী পাস পরীক্ষার ফল প্রকাশ হয়েছে

**কাগজ প্রতিবেদক** : গতকাল বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৯০ সালের বিএ, বিএসসি, বিকম পাশ এবং সাবসিডিয়ারী পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে। ৫০ হাজার ৩শ' ২০ জন বিএ (পাস) পরীক্ষার্থীর মধ্যে ১৪ হাজার ৬শ' ৮১ জন কৃতকার্য হয়েছেন। পাসের হার শতকরা ২৯ দশমিক ১৯। ৮ হাজার ২শ' ৪৮ জন বিএসসি (পাস) পরীক্ষার্থীর মধ্যে কৃতকার্য হয়েছেন ৩ হাজার ৩শ' ৭১ জন। পাশের হার শতকরা ৪০ দশমিক ৮৭। ১০ হাজার ৬শ' ৭৮ জন বিকম (পাস) পরীক্ষার্থীর মধ্যে কৃতকার্য হয়েছেন ৪ হাজার ৩শ' ২০ জন। পাসের হার শতকরা ৪০ দশমিক ৪৫।

১৯৯০ সালের বিএ সাবসিডিয়ারী পরীক্ষায় পাশের হার শতকরা ৬১। বিএ সাবসিডিয়ারী পরীক্ষা দিয়েছিলেন ৩ হাজার ৭শ' ৩ জন। উত্তীর্ণ হয়েছেন ২ হাজার ৫শ' ৫৪ জন।

বিকম সাবসিডিয়ারী পরীক্ষায় পাসের হার শতকরা ২২ দশমিক ৩। পরীক্ষা দিয়েছেন ২ হাজার ৬শ' ৯৩ জন, পাস করেছেন ৬শ' ১ জন। বিএসসি সাবসিডিয়ারী পরীক্ষায় পাসের হার শতকরা ২৯ দশমিক ২। পরীক্ষা দিয়েছেন ৩ হাজার ১শ ৬০ জন, কৃতকার্য হয়েছেন ৯শ' ২২ জন।

বিএ পরীক্ষায় ২১ জন প্রথম বিভাগে উত্তীর্ণ হয়েছেন। দ্বিতীয় বিভাগে ৫ হাজার ৪শ' ৪৫ এবং তৃতীয় বিভাগ পেয়েছেন ৯ হাজার ২শ' ২২ জন। বিকম পরীক্ষায় দুই জন প্রথম বিভাগে, ১ হাজার ৭৮ জন দ্বিতীয় এবং ৩ হাজার ২শ' ৪০ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছেন। বিএসসি পরীক্ষায় ৪৯ জন প্রথম, ১ হাজার ৬শ' ৯৮ দ্বিতীয় এবং ১ হাজার ৬২২ জন তৃতীয় বিভাগ পেয়েছেন।

বিএ পরীক্ষায় নম্বর না পাওয়ায় একটি কলেজ রিপোর্টেড হওয়ায় চারটি এবং তদন্তের জন্যে স্থগিত থাকায় দু'টি কলেজের ফল প্রকাশ করা হয়নি। বিএসসি পরীক্ষায় রিপোর্টেড থাকার কারণে একটি কলেজের ফল প্রকাশিত হয়নি। বিকম পরীক্ষায় ১৭টি কলেজে কেউ পাশ করেননি। বিকম পরীক্ষায় তদন্তের জন্যে তিনটি রিপোর্টেড, চারটি এবং নম্বর না পাওয়ায় একটি কলেজের ফল প্রকাশ করা হয়নি।

বিএ পরীক্ষায় সর্বোচ্চ ১০ জন প্রথম বিভাগে উত্তীর্ণ হয়েছেন বদরুন্নেসা মহাবিদ্যালয় ঢাকা থেকে।

বিএসসি গার্হস্থ্য অর্থনীতি পাশ পরীক্ষায় ঢাকা গার্হস্থ্য অর্থনীতি কলেজ থেকে প্রথম বিভাগে ১৫ জন এবং ২৪ জন দ্বিতীয় বিভাগ পেয়েছেন।

সরকারি সঙ্গীত মহাবিদ্যালয়ে বি.মিউজিক পরীক্ষার ফলাফলে প্রথম বিভাগে দুই জন, দ্বিতীয় বিভাগে ২১ এবং তৃতীয় বিভাগে দুইজন উত্তীর্ণ হয়েছেন।

20